

গোপালগঞ্জ বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**প্রকল্প পরিচালকসহ
৯ জন চাকরিচ্যুত**

গোপালগঞ্জ প্রতিনিধি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের* গোপালগঞ্জের প্রকল্প পরিচালকসহ ৯ কর্মকর্তা ও কর্মচারীকে চাকরি থেকে অব্যাহতি দেয়া হয়েছে। রষ্ট্রপতির কার্যালয় থেকে পাঠানো শিক্ষা সচিবের স্বাক্ষরিত একটি পত্রে (স্মারক নং- ১৪/১১ বিমক-৩-৯৮ তাং ৪-৪-২০০২) এ আদেশ প্রদান করা হয়েছে।

চিঠিতে আগামীকাল ১২ এপ্রিলের মধ্যে প্রকল্পের সব স্থাবর-অস্থাবর সম্পত্তি ও আর্থিক হিসাব-নিকাশ স্থানীয় ফ্যাসিলিটিস বিভাগের নির্বাহী প্রকৌশলীর কাছে বুঝিয়ে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া এ প্রকল্পের ৯ জন কর্মকর্তা কর্মচারীকে চলতি এপ্রিল মাসের ১৫ দিনের বেতন দিয়ে চাকরি থেকে অব্যাহতি এবং প্রকল্পের বাড়ি ভাড়া চুক্তি বাতিল করতে বলা হয়েছে।

এসব কাজ শেষে আগামী ১৫ এপ্রিলের মধ্যে প্রকল্প পরিচালক এম খায়রুল আলম খানকে তার আগের কর্মস্থল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে বলা হয়েছে। এই আদেশের চিঠিটি গত মঙ্গলবার রাত সাড়ে ৮টায় প্রকল্প পরিচালকের কার্যালয়ে এসে পৌছায়। এর আগে গত ৩০ মার্চ বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম স্থগিত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে চিঠি পাঠানো হয়। প্রকল্পের সব কার্যক্রম স্থগিত ও অফিস গুটিয়ে নেয়ার আদেশে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয়

বঙ্গবন্ধু : প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর)

বিভিন্ন মহলসহ সাধারণ মানুষের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। প্রকল্পের নির্বাহী প্রকৌশলী এসকেন্দার আলী যুগান্তরকে জানান, বর্তমান সরকার আমাদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করছে যা অমানবিক। এ প্রকল্পের সব কর্মচারী-কর্মকর্তা অ্যাডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত। সরকারি চাকরিজীবীদের সুযোগ-সুবিধা আমরা পাব। অব্যাহতির এক মাস আগে নোটিশ দেয়ার বিধান রয়েছে। এ চিঠিতে তার কোন উল্লেখ নেই। সরকার সম্পূর্ণ এবং বেআইনিভাবে

আমাদের চাকরি থেকে অব্যাহতি দিচ্ছে। এ প্রকল্প বন্ধের প্রতিবাদে গতকাল সন্ধ্যায় জেলা ওয়ার্কার্স পার্টির উদ্যোগে স্থানীয় ছৌরঙ্গীতে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় নেতা শেখ মোঃ ইলিয়াস, শহীদ জৌধুরী, সমর বাইন, তপন কুমার দাস প্রমুখ। এ প্রতিবাদ সভা থেকে গণঅনশনের ডাক দেয়া হয়েছে। আগামী ১৪ এপ্রিল থেকে স্থানীয় পৌর পার্কে গণঅনশন কর্মসূচি পালিত হবে।